

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৯০/২০১৬

অভিযোগকারী : মোঃ মতিউর রহমান  
পিতা-মোঃ নূরুল ইসলাম  
১ নং কলমা, পোঃ ডেইরী ফার্ম  
খানাঃ সাভার, জেলাঃ ঢাকা।

প্রতিপক্ষ : জনাব ইমতিয়াজ আহমেদ  
সহকারী কমিশনার (বড়)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
কাস্টমস বড় কমিশনারেট  
ডিইপিজেড(পশ্চিম), ঢাকা।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩১-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ২১-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সহকারী কমিশনার (বড়) এর কার্যালয়, সাভার, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) ২০১৪-১৫ সালের ডিসেম্বর পর্যন্ত ঢাকা ইপিজেডে শুল্ক মুক্ত কর ক্যাপিটাল মেশিনারিজ ও বৈদ্যুতিক যন্ত্রপাতি আমদানি হয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানের নাম উল্লেখসহ মেশিনারিজ ও বৈদ্যুতিক যন্ত্রপাতি আমদানির পরিমাণ। ওই সকল মেশিনারিজের ও বৈদ্যুতিক যন্ত্রপাতির বর্তমান অবস্থান কোথায়। স্বচক্ষে দেখতে চাই।  
খ) শুল্ক আরোপিত হলে ওই সকল মেশিনারিজ ও বৈদ্যুতিক যন্ত্রপাতির কর টাকা মূল্য আসে। লিখিত চাই।  
গ) ঢাকা ইপিজেডের আওতাধীন প্রতিষ্ঠানে বিদেশি বিনোয়োগকারীদের ক্ষেত্রে উল্লেখযোগ্য সুবিধা কি কি।  
ঘ) কাস্টমস বিষয়ক জটিলতার কারণে বিদেশীরা বিনোয়োগ করতে সরাসরি আগ্রহী হন না তার সুস্পষ্ট কারণ লিখিত চাই।  
ঙ) বড় এরিয়া (ইপিজেড) আওতাধীন থাকা সত্ত্বেও জেনারেল বড় দেওয়ার মৌকাকতা কি? এ পর্যন্ত কতগুলো প্রতিষ্ঠান জেনারেল বড় দেওয়া হয়েছে? প্রতিষ্ঠানের নাম ও স্থান উল্লেখসহ তালিকা। বড় এরিয়ার আওতাধীন এলাকার প্রতিষ্ঠানগুলোকে জেনারেল বড় পদান্তরে নীতিমালার ফটোকপি। ইপিজেডের আওতাধীন প্রতিষ্ঠানের জন্য জেনারেল বড়ের নীতিমালা হয়েছে কিনা? লিখিত চাই।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৮-০২-২০১৬ তারিখে কাস্টমস বড় কমিশনার ও আপীল কর্ত্ত্বক (আরটিআই), সেগুন বাগিচা, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় ৩১-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়।

৫। অদ্য ৩১-০৫-২০১৬ তারিখে শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির তবে তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট হাজির। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্যে পাওয়া যায় নি।

৬। প্রতিপক্ষ জনাব ইমতিয়াজ আহমেদ, সহকারী কমিশনার (বন্ড) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কাস্টমস বন্ড কমিশনারেট, ডিইপিজেড(পশ্চিম), ঢাকা এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত সকল তথ্য অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে মর্মে তথ্য কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন। তিনি আরো উল্লেখ করেন যে, অভিযোগকারী তথ্য প্রাপ্তির পর অভিযোগটি প্রত্যাহারের আবেদন দাখিল করেছেন এবং উক্ত আবেদনটি ফিরিস্তি আকারে কমিশনে জমা করেন।

### পর্যালোচনা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বক্তব্য শ্রবণাত্তে ও দাখিলকৃত কাগজপত্র পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত সকল তথ্য সরবরাহ করেছেন এবং অভিযোগকারী ২৫.০৫.২০১৬ তারিখে তথ্য প্রাপ্ত হওয়ায় ২৬.০৫.১৬ তারিখে অত্র অভিযোগটি প্রত্যাহার করার আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাত্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব ইমতিয়াজ আহমেদ, সহকারী কমিশনার (বন্ড) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কাস্টমস বন্ড কমিশনারেট, ডিইপিজেড(পশ্চিম), ঢাকা অভিযোগ দায়েরের পর প্রার্থীত তথ্য সরবরাহ করায় তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো এবং এই অভিযোগটি নিষ্পত্তি করে তাকে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার